

স্মারক নং- ০৩.৮০৬.০০২.০০.০০.০২৬.২০১৭- ৮০৪


তারিখ: ০৮ চৈত্র ১৪২৩
২২ মার্চ ২০১৭

বিষয়ঃ ভূমি সংস্কার বোর্ড ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের যৌথ উদ্যোগে তৈরিকৃত ই-নামজারি সিস্টেম বাস্তবায়নে নির্দেশনা জারিকরণ।

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ড ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের মধ্যে বিগত ০২ নভেম্বর ২০১৬ তারিখে স্বাক্ষরিত সমঝোতা স্মারক-এর আওতায় উপজেলা ভূমি অফিসের নামজারি সেবাকে কম খরচে ও কম সময়ে সেবা-গ্রহীতাদের নিকট পৌঁছে দেয়ার জন্য এটুআই ই-নামজারি সিস্টেম তৈরি করে যা এটুআই ও ভূমি সংস্কার বোর্ডের যৌথ উদ্যোগে বর্তমানে বাস্তবায়নাধীন।

২। ইতোমধ্যে সিলেট জেলার বিশ্বনাথ, পিরোজপুর জেলার পিরোজপুর সদর, ঝিনাইদহ জেলার ঝিনাইদহ সদর, সুনামগঞ্জ জেলার ছাতক, পাবনা জেলার চাটমোহর, সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর ও পঞ্চগড় জেলার পঞ্চগড় সদর উপজেলায় ই-নামজারি বাস্তবায়নের নিমিত্ত প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকায় প্রশিক্ষকদের প্রশিক্ষণ প্রদান ও প্রয়োজনীয় হার্ডওয়্যার সংস্থাপন এবং উপজেলায় ব্যবহারকারীদের প্রশিক্ষণ, অবহিতকরণ সভা ও পাইলট সম্পন্ন হয়েছে। উল্লিখিত সাতটি উপজেলা ছাড়াও আরও ৪৩টি উপজেলায় আগামী জুন ২০১৭ মাসের মধ্যে ই-মিউটেশন বাস্তবায়নের যৌথ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ই-নামজারি সেবা দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ড থেকে একটি নির্দেশনা জারি করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হচ্ছে।

৩। এমতাবস্থায়, বর্ণিত উপজেলা সমূহে ই-নামজারি সিস্টেমের মাধ্যমে নামজারি-সেবা কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা জারি করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(কবির বিন আনোয়ার)
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম
kabirbinanwar@pmo.gov.bd
৯১৪৪৮৪৮

চেয়ারম্যান (সচিব)
ভূমি সংস্কার বোর্ড
মতিঝিল, ঢাকা

অনুলিপি-সদয় অবগতির জন্যঃ

সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ।